পশ্চিমবঙ্গ সরকার,
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ,
৬৩, নেতাজী সুভাষ রোড, জেসপ বিল্ডিং, ১ম তল, কলকাতা - ৭০০০০১।

নং: ৩০৭০ (৩২) আরডি (এসজিএসওয়াই)/২০এম-৬/২০০৫ (পার্ট -I) **তারিখ: ০৩/০৫/২০০৭**

জেলাশাসক

....(সকল)

সমীপেষু,

বিষয় : **দারিদ্রসীমার নিম্নবর্তী ব্যক্তিগণের তালিকা প্রকাশ (পথনির্দেশিকা - ৩) ।**

সূত্র : **এই বিভাগের No. 76/JS (DG)/ 2007/SGSY/20-M-6/2005 dated 2nd April, 2007 এবং No. 079/JS (DG)/ 2007/SGSY/20-M-6/2005 dated 4th April, 2007।**

মহাশয়/ মহাশয়া,

উপরে উল্লেখিত এই বিভাগের নির্দেশিকাগুলির ক্রমপ্রবাহ হিসাবে বিভিন্ন দারিদ্র দূরীকরণ কর্মসূচীর প্রকৃত উপভোক্তা চিহ্নিত করার পদ্ধতি নীচে বর্ণনা করা হল। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগের সাথে আলোচনা করে ঠিক করা হয়েছে যে দারিদ্রসীমার নিচে অবস্থিত পরিবারগুলির চিহ্নিত করবার জন্য সর্বোচ্চ প্রাপ্ত নম্বর হবে ৩৩ । চা বাগান অঞ্চলগুলিতে সর্বোচ্চ প্রাপ্ত নম্বর ৩৭ হবে এবং বন্ধ হয়ে যাওয়া চা বাগানগুলির সকল শ্রমিক পরিবারই দারিদ্রসীমার নিম্নবর্তী পরিবার হিসাবে বিবেচ্য হবেন। উপরন্তু আরো সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, যে সকল মৌজা নদী ভাঙ্গনের জন্য সম্পূর্ণ ভেসে গেছে সেগুলির ক্ষেত্রে দারিদ্রসীমার নিম্নবর্তী পরিবারগুলি চিহ্নিত করবার জন্য সর্বোচ্চ প্রাপ্ত নম্বর কত হবে তা জেলাগুলি থেকে সংশ্লিষ্ট তথ্য পাওয়ার পরে পূণর্বিবেচিত হবে।

(২) ইন্দিরা আবাস যোজনার ক্ষেত্রে যোগ্য পরিবারের তালিকা পূর্বাহ্নেই বিশ্লেষিত জিজ্ঞাসা বা Queryর (Total Score < =33 এবং P2=1) মাধ্যমে পাওয়া যাবে। উপযুক্ত পরিবারগুলির এই তালিকাটি থেকে গ্রাম সংসদের বিবেচনা সাপেক্ষে নিম্নবর্ণিত নির্দেশ অনুযায়ী ইন্দিরা আবাস যোজনার একটি স্থায়ী অপেক্ষমান তালিকা প্রস্তুত করতে হবে। পরিবারভিত্তিক সর্বনিম্ন প্রাপ্ত নম্বর অনুযায়ী তালিকাটি বিবেচনার জন্য প্রস্তুত করা হবে। যে সমস্ত পরিবারের নাম তালিকায় থাকা সত্ত্বেও (১) আই.এ.ওয়াই/ পি.এম.জি.ওয়াই (জি.এ.)/ এস.জি.আর.ওয়াই (আই.বি.এস.) ইত্যাদি কর্মসূচীতে নুতন বাড়ী তৈরীর সুযোগ ইতিমধ্যে পেয়ে থাকার দরুণ অথবা (২) এক বা একাধিক বিভাগে প্রাপ্ত নম্বরগুলি ভুল থাকার দরুণ বা পরিবারগুলির অবস্থার উন্নতি হওয়ার দরুণ বা পরিবারগুলির স্থায়ীভাবে স্থানান্তরিত হওয়ার দরুণ গ্রাম সংসদ কর্তৃক অযোগ্য হিসাবে বিবেচিত হবেন, সেই পরিবারগুলির বিবেচিত না হওয়ার স্পষ্ট কারণ দেখিয়ে একটি পৃথক তালিকা রাখতে হবে। এই তালিকাটি গ্রাম পঞ্চায়েতে পাঠাতে হবে। অন্যান্য যোগ্য ব্যক্তির তালিকা অর্থাৎ অযোগ্য

পরিবারগুলির নাম বাদ দিয়ে প্রস্তুত করা তালিকাটিই স্থায়ী অপেক্ষমান তালিকা হবে। এই তালিকাটি তিনটি বিভাগে ভাগ করতে হবে; যথা - (১) তপশীলি জাতি ও উপজাতিভুক্ত পরিবারবর্গ (২) সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত পরিবারবর্গ এবং (৩) সাধারণ পরিবারবর্গ। প্রত্যেক বিভাগের অন্তর্ভূক্ত পরিবারগুলির তথ্য সংকলন করে গ্রাম পঞ্চায়েত তা সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের কাছে পাঠাবেন। স্থায়ী অপেক্ষমান তালিকাটি পরিবারের কর্তার নাম এবং পরিবারটির একজন পূর্ণবয়স্কা মহিলা সদস্যার নাম (যিনি ইন্দিরা আবাস যোজনার অর্থ পাবেন) সমেত তথ্য ভান্ডারটি ব্লকস্তরে রক্ষিত হবে। যদি কোন পরিবারে কোন পূর্ণবয়স্কা মহিলা সদস্যা না থাকেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সমষ্টি উন্নয়ন আধিকারিক গ্রাম পঞ্চায়েতওয়ারি এবং সংসদওয়ারি ইন্দিরা আবাস যোজনার অগ্রাধিকার তালিকার তথ্যভান্ডাটির রক্ষক হবেন। যদি এদের কারোর বাড়ি করবার মতো জমি না থাকে, সে তথ্যটিও সংকলন করতে হবে। সমষ্টি উন্নয়ন আধিকারিক যোগ্য পরিবারগুলির তালিকা সংশ্লিষ্ট জিলা পরিষদে পাঠাবেন। চাইলেই যাতে তাঁদের নাম পাওয়া যায় তা ব্লক উন্নয়ন আধিকারিককে সুনিশ্চিত করতে হবে। তালিকাগুলি প্রস্তুত করবার একটি ছক এই পত্রের সাথে সংযুক্ত করা হল। যে সকল পরিবার ইন্দিরা আবাস যোজনার স্থায়ী অপেক্ষমান তালিকায় অন্তর্ভূক্ত হবেন সেই সকল পরিবারের কর্তার নাম গ্রাম পঞ্চায়েতের ভবনের বাইরের দেওয়ালে লিখে রাখতে হবে, যাতে কোন পরিবারগুলি ক্রমপর্যায়ে ইন্দিরা আবাস যোজনার সুবিধা পাবেন তা সকলে জানতে পারেন।

এমন কিছু পরিবার থাকতে পারে যাদের কোনো বাসস্থান নেই (অর্থাৎ P2=1) অথচ তাদের মোট প্রাপ্ত নম্বর ৩৩এর বেশী। তারা সরাসরিভাবে স্থায়ী অপেক্ষমান তালিকায় অন্তর্ভূক্তির জন্য বিবেচ্য হবেন না। তাঁরা ১২টি ক্ষেত্রে প্রাপ্ত নম্বরে কোন ভুল থাকলে সে সম্পর্কে সুনির্দিষ্ট আবেদন পেশ করতে পারবেন। এই দরখাস্তগুলি তাৎক্ষণিকভাবে বিবেচিত হবে না। কতগুলি এইরকম দরখাস্ত জমা পড়েছে তার উপর নির্ভর করে, তা যথাসময়ে বিবেচিত হবে। বর্তমান বছরে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাস্তা তৈরীর জন্য যে সকল পরিবারকে স্থানান্তরিত হতে হবে অথবা সমীক্ষা হওয়ার পরে প্রাকৃতিক বিপর্যয়ের জন্য যে পরিবারগুলির বাড়ি সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত হয়েছে এবং পরিবারগুলির এমন ক্ষতি হয়েছে যে তাঁদের অবস্থান দারিদ্রসীমার নীচে নেমে আসবে সেই সকল পরিবারের নাম এবং প্রাপ্ত নম্বর গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতি মারফৎ জিলা পরিষদে আলাদা করে পাঠাতে হবে। এই তালিকাটিও গ্রাম সংসদ দ্বারা অনুমোদিত হতে হবে। এই পরিবারগুলি বিশেষ ক্ষেত্র হিসাবে কেবলমাত্র ইন্দিরা আবাস যোজনার সুবিধা পেতে পারেন। কিন্তু দারিদ্র্যসীমার নিচে অবস্থিত পরিবারের জন্য উদ্দিষ্ট অন্য কোন কর্মসূচীর সুবিধা তাঁরা পাবেন না। অবশ্য, এই পরিবারগুলি অন্যদের মতো তাদের অবস্থানের পরিবর্তন জানিয়ে গ্রাম পঞ্চায়েতে দরখাস্ত করতে পারেন যাতে তা যথাসময়ে যাচাই করা যায়।

পুরো পদ্ধতিটি জুন মাসের মাঝামাঝি নাগাদ শেষ করতে হবে যাতে জেলা পরিষদ বিভিন্ন সামাজিক শ্রেণী অনুযায়ী গ্রাম পঞ্চায়েতে ইন্দিরা আবাস যোজনার কোটা নির্দ্ধারণ করে জুন ২০০৭ এর শেষ নাগাদ

প্রয়োজনীয় তহবিল ছাড়তে পারেন। স্থায়ী অপেক্ষমান তালিকা প্রকাশ না হওয়া অবধি এবং গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে এই তালিকার সামাজিক ভিত্তি / বিভাগ অনুযায়ী পরিবারের সংখ্যাগত তথ্য না পাওয়া অবধি জেলা পরিষদ তহবিল পাঠাবেন না।

৩. গ্রাম সংসদ দারিদ্র্যসীমার নিম্নবর্তী পরিবারগুলি থেকে ৬৫ বছর বা তদূর্দ্ধ বয়সী ব্যক্তিদের সনাক্ত করবে। উপযুক্ত সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির আওতায় আনার জন্য ক্রমবর্ধমান প্রাপ্ত নম্বর অনুযায়ী (সর্বোচ্চ নম্বর ৩৩) এইরূপ ব্যক্তিদের একটি তালিকা প্রস্তুত করতে হবে। দেখা যাবে যে এদের মধ্যে অধিকাংশই কোন না কোন বার্ধক্যভাতা প্রকল্পের আওতায় আছেন (যেমন NOAPS, নারী ও শিশু উন্নয়ন এবং সমাজকল্যাণ বা অন্যান্য দপ্তরের বার্ধক্য ভাতা প্রকল্প, আদিবাসী বার্ধক্য ভাতা ইত্যাদি) অথবা অন্নপূর্ণা যোজনার সুবিধা পাচ্ছেন। যারা এদের মধ্যে কোন প্রকল্পের সুবিধা পাচ্ছেন তাদের নামের সঙ্গে তিনি যে প্রকল্পের সুবিধা পাচ্ছেন সে নিয়ে একটি তালিকা তৈরী করতে হবে - যেটি হবে প্রথম তালিকা। যে সকল যোগ্য ব্যক্তি কোন সুযোগ পাচ্ছেন না তাদের নিয়ে একটি দ্বিতীয় তালিকা ক্রমবর্ধমান প্রাপ্ত নম্বর অনুযায়ী সাজিয়ে প্রস্তুত করতে হবে। যে সকল বৃদ্ধ ব্যক্তি দারিদ্রসীমার নিচে অবস্থান করছেন না, অথচ উক্ত যে কোন সামাজিক নিরাপত্তা প্রকল্পের সুবিধা পাচ্ছেন তাঁদের নিয়ে একটি তৃতীয় তালিকা গ্রাম সংসদ/গ্রাম উন্নয়ন সমিতির দ্বারা যাচাই করে গ্রাম পঞ্চায়েত প্রস্তুত করবেন। রাজ্য সরকার অন্যরকম কোন নির্দেশ না দেওয়া পর্যন্ত এই সকল ব্যক্তি ঐ সব প্রকল্পের সুবিধা পেতে থাকবেন। এই পত্রের সাথে উক্ত তালিকাগুলির ছক সংযুক্ত হল। যদি বিপিএল তালিকাভুক্ত কোন ব্যক্তি সামাজিক সহায়তা পাবার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হন, সেই সকল ব্যক্তিদের তালিকা সংকলন করে গ্রাম পঞ্চায়েত ব্লক কার্যালয়ে পাঠাবেন। প্রতিটি তালিকায় ব্যক্তিবর্গের সামাজিক শ্রেণী (তপশীলি জাতি/ তপশীলি উপজাতি/ সংখ্যালঘু সম্প্রদায়/ অন্যান্য) উল্লেখ করতে হবে। সকল গ্রাম সংসদ দ্বারা প্রস্তুত এই তালিকাগুলি গ্রাম পঞ্চায়েত ব্লক কার্যালয়ে পাঠাবেন যাতে সেগুলি বিশদে তথ্যভাণ্ডারে অন্তর্ভূক্ত করা যায়। যে সকল ব্যক্তি বার্ধক্য ভাতা বা অন্নপূর্ণা যোজনায় বিনামূল্যে চাল পাবার যোগ্য কিন্তু এ যাবৎ আওতাভুক্ত হননি, তাদের একটি তালিকা সমষ্টি উন্নয়ন আধিকারিক জেলাস্তরে সংকলনের জন্য জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের কাছে পাঠাবেন। যে সকল ব্যক্তি বর্তমানে অন্নপূর্ণা যোজনার উপভোক্তা তাদের নাম ও প্রাপ্ত নম্বরের একটি তালিকা সমষ্টি উন্নয়ন আধিকারিক জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের কাছে পাঠাবেন যাতে এই সকল ব্যক্তিকে অন্নপূর্ণা যোজনার বদলে অধিকতর সুবিধা সম্বলিত বার্ধক্যভাতা দেওয়া যাবে কিনা তা বিবেচনা করা যায়।

পৌর এলাকায় গ্রাম পঞ্চায়েতের কাজটি সংশ্লিষ্ট পৌরসভা করবেন। কলকাতা পৌরনিগমের ক্ষেত্রে তালিকাটি সরাসরি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন কমিশনারের কাছে পাঠাতে হবে। এই প্রক্রিয়াটি জুন মাসের মাঝামাঝি শেষ করতে হবে যাতে NOAPS এবং AY পরিষেবা সঙ্গে সঙ্গেই বাড়ানো যায়। সংশ্লিষ্ট প্রাধিকারিকের কাছে পাঠাবার আগে গ্রাম পঞ্চায়েত/ পৌরসভা বর্তমানের উপভোক্তার সংখ্যা যাতে বিপিএল

এবং বিপিএল বহির্ভূত উপভোক্তার সংখ্যার যোগফলের সমান হয়, তা সুনিশ্চিত করবেন। উপভোক্তার তালিকায় নাম থাকা যে সকল ব্যক্তি বর্তমানে মৃত তাদের তালিকা এই সুযোগে সংশোধন ও সংকলন করে নিতে হবে।

উক্ত বিবিধ তথ্যগুলি আহরণ ও সংকলন করার জন্য পঞ্চায়েত সংস্থাগুলির অর্থব্যয়ের প্রয়োজন হবে। এই প্রকার ব্যয় দ্বাদশ অর্থ কমিশনের অনুদান হিসাবে উপলব্ধ তহবিল থেকে করা যেতে পারে। জেলাশাসকগণ তথ্য আহরণ ও সংকলনের বিভিন্ন প্রক্রিয়ায় খরচের হার নিরূপণ করতে পারেন। এই ক্ষেত্রে গ্রামোন্নয়ন সমিতির সাহায্য নেওয়া যেতে পারে।

যাতে যোগ্য ব্যক্তিকে উক্ত কর্মসূচীগুলির সুবিধা দেওয়ার ক্ষেত্রে অযাচিত বিলম্ব না হয় সেই কারণে সংশ্লিষ্ট সকলকে শীঘ্র এবং যথাসম্ভব নির্ভুলভাবে তালিকাগুলি প্রস্তুত করতে অনুরোধ করা হচ্ছে। উন্নততর তদারকির জন্য সংক্ষিপ্ত তথ্যের সংকলনের একটি ছকও এই পত্রে সংযুক্ত হল। কাজটি যথাসময়ে শেষ করবার জন্যে এবং ত্রুটিমুক্ত তথ্য সংকলনের জন্য নিয়মিত তদারক করতে জেলাশাসকগণকে অনুরোধ করা হচ্ছে।

ভবদীয়,

স্বাক্ষর/-
(মানবেন্দ্র নাথ রায়)
প্রধান সচিব
পশ্চিমবঙ্গ সরকার

নং: ৩০৭০ (৩২) ডি (এসজিএসওয়াই)/২০এম-৬/২০০৫ (পার্ট -I) তারিখ: ০৩/০৫/২০০৭

অনুলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরিত হল: -
(১) সভাধিপতি, জেলাপরিষদ/ মহকুমা পরিষদ - সকল।
(২) অতিরিক্ত মুখ্য সচিব, খাদ্য ও সরবরাহ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, খাদ্য ভবন, ১১এ মির্জা গালিব স্ট্রিট, কলিকাতা - ৭০০০৮৭।
(৩) প্রধান সচিব, পৌর দপ্তর , পশ্চিমবঙ্গ সরকার, মহাকরণ, কলিকাতা - ৭০০০০১।
(৪) কমিশনার, প্রেসিডেন্সি/বর্ধমান/জলপাইগুড়ি বিভাগ।
(৫) প্রধান সচিব, দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ, দার্জিলিং।
(৬) অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র, কল্যাণী, নদিয়া।
(৭) অধ্যক্ষ, এক্সটেনশন ট্রেনিং সেন্টার, বর্ধমান/কোচবিহার/রায়গঞ্জ/পশ্চিম মেদিনীপুর।
(৮) একান্ত সচিব, ভারপ্রাপ্ত মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, রাইটার্স বিল্ডিং, কলিকাতা - ৭০০০০১।
(৯) একান্ত সচিব, রাজ্য মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, জেসপ বিল্ডিং, ৬৩, নেতাজী সুভাষ রোড, কলিকাতা - ৭০০০০১।

যুগ্ম সচিব
পশ্চিমবঙ্গ সরকার

গ্রামীণ পারিবারিক সমীক্ষা, ২০০৫ ভিত্তিতে প্রস্তুত ইন্দিরা আবাস যোজনার স্থায়ী অপেক্ষমান তালিকা

জেলা : ব্লক :

গ্রাম পঞ্চায়েত : গ্রাম সংসদ :

গ্রামের নাম :

তপশীলি জাতি/ উপজাতিভূক্ত পরিবারের তালিকা

পরিবারের ক্রমাঙ্ক	পরিবারের প্রধানের নাম	পরিবারের পূর্ণাবয়স্কা মহিলা নাম যার নামে ইন্দিরা আবাস যোজনার সুবিধা দেওয়া যেতে পারে	সামাজিক অবস্থান (তপশীলি জাতি/উপজাতি)	মোট প্রাপ্ত নম্বর (ক্রমবর্ধমান মান অনুসারে)
ক	খ	গ	ঘ	ঙ

সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত পরিবারের তালিকা

পরিবারের ক্রমাঙ্ক	পরিবারের প্রধানের নাম	পরিবারের পূর্ণাবয়স্কা মহিলা নাম যার নামে ইন্দিরা আবাস যোজনার সুবিধা দেওয়া যেতে পারে	মোট প্রাপ্ত নম্বর (ক্রমবর্ধমান মান অনুসারে)
ক	খ	গ	ঘ

অন্যান্যদের পরিবারের তালিকা

পরিবারের ক্রমাঙ্ক	পরিবারের প্রধানের নাম	পরিবারের পূর্ণাবয়স্কা মহিলা নাম যার নামে ইন্দিরা আবাস যোজনার সুবিধা দেওয়া যেতে পারে	মোট প্রাপ্ত নম্বর (ক্রমবর্ধমান মান অনুসারে)
ক	খ	গ	ঘ

গ্রামীণ পরিবার সমীক্ষা ২০০৫-এর ভিত্তিতে প্রস্তুত দারিদ্র্যসীমার নিম্নবর্তী সেই সকল পরিবারের তালিকা যারা সামাজিক নিরাপত্তা প্রকল্পসমূহের (বার্ধক্যভাতা বা অন্নপূর্ণা যোজনা) উপভোক্তা
(নির্দেশিকা - ৩ - এর তৃতীয় পরিচ্ছেদে বর্ণিত তালিকা -১)

জেলা : ব্লক :

গ্রাম পঞ্চায়েত : গ্রাম সংসদ :

গ্রামের নাম :

পরিবারের ক্রমাঙ্ক	পরিবারের প্রধানের নাম	মোট প্রাপ্ত নম্বর (ক্রমবর্ধমান মান অনুসারে)	সামাজিক অবস্থান (তপশীলি জাতি/উপজাতি/ সংখ্যালঘু)	৬৫ বছর বয়সের উর্দ্ধে ব্যক্তির নাম	বয়স	পরিবারের প্রধানের সঙ্গে সম্পর্ক	বর্তমানে পরিবারটি যে সামাজিক নিরাপত্তা প্রকল্পের আওতাভুক্ত তার নাম
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ

- *ক, খ এবং গ স্তম্ভে অন্তর্ভূক্তি গ্রামীণ পরিবার সমীক্ষা ২০০৫-এর ভিত্তিতে প্রস্তুত দারিদ্র্যসীমার নিম্নবর্তী পরিবারের তালিকা থেকে করতে হবে।*
- *স্থানীয় তথ্য দিয়ে ঘ স্তম্ভ পূরণ করতে হবে*

যারা সামাজিক নিরাপত্তা প্রকল্পসমূহের (বার্ধক্যভাতা বা অন্নপূর্ণা যোজনা) উপভোক্তা নন এমন যোগ্য পরিবারের তালিকা (নির্দেশিকা - ৩ - এর তৃতীয় পরিচ্ছেদে বর্ণিত তালিকা -২)

জেলা : ব্লক :

গ্রাম পঞ্চায়েত : গ্রাম সংসদ :

গ্রামের নাম :

৬৫ বছর বয়সের উর্দ্ধে ব্যক্তির নাম	পরিবারের প্রধানের নাম	সামাজিক অবস্থান (তপশীলি জাতি/উপজাতি/ সংখ্যালঘু)	বয়স	পরিবারের প্রধানের সঙ্গে সম্পর্ক	পরিবারের ক্রমাঙ্ক	প্রাপ্ত নম্বর
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ

- ক থেকে ঙ স্তম্ভ গ্রাম পঞ্চায়েত প্রস্তুত করে আধিকারিকের কাছে পাঠাবেন
- *ব্লক স্তরে চ ও ছ তথ্যভান্ডার থেকে পরিবারের প্রধানের নামে জিজ্ঞাসা (Query) চালিয়ে সনাক্ত করতে হবে*
- *সকল বয়স্ক ব্যক্তিদের তথ্য যাতে উপলব্ধ হয় তার জন্য পরিবারে সংশ্লিষ্ট সদস্যের তথ্য অন্তর্ভুক্ত করতে হবে*

সামাজিক নিরাপত্তা প্রকল্পসমূহের উপভোক্তা অথচ গ্রামীণ পরিবার সমীক্ষা ২০০৫-এর ভিত্তিতে প্রস্তুত দারিদ্র্যসীমার নিম্নবর্তী পরিবারের তালিকায় নাম নেই এমন পরিবারের তালিকা (নির্দেশিকা - ৩ - এর তৃতীয় পরিচ্ছেদে বর্ণিত তালিকা -৩)

জেলা : ব্লক :

গ্রাম পঞ্চায়েত : গ্রাম সংসদ :

গ্রামের নাম :

৬৫ বছর বয়সের উর্দ্ধে ব্যক্তির নাম	পরিবারের প্রধানের নাম	সামাজিক অবস্থান (তপশীলি জাতি/উপজাতি/ সংখ্যালঘু)	বয়স	পরিবারের প্রধানের সঙ্গে সম্পর্ক	বর্তমানে পরিবারটি যে সামাজিক নিরাপত্তা প্রকল্পের আওতাভুক্ত তার নাম	প্রাপ্ত নম্বর
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ

* ব্লক স্তরে পূরণ করতে হবে।

তথ্যের সংক্ষিপ্তসার

সারণী - ক

গ্রাম পঞ্চায়েতের নাম	গ্রাম সংসদের সংখ্যা	দারিদ্র্যসীমার নিম্নবর্তী পরিবারের সংখ্যা	ইন্দিরা আবাস যোজনার জন্য বিবেচনা করা যেতে পারে এমন পরিবারের সংখ্যা	এই সকল পরিবারের সামাজিক অবস্থান				সামাজিক নিরাপত্তা প্রকল্পসমূহের আওতাভুক্ত হয় নি এমন বৃদ্ধ ব্যক্তির সংখ্যা	সামাজিক অবস্থান			
				তপশীলি জাতি	তপশীলি উপজাতি	সংখ্যালঘু	অন্যান্য		তপশীলি জাতি	তপশীলি উপজাতি	সংখ্যালঘু	অন্যান্য